



## টিকাদানে ঘাটতি, হামের টিকা কিনতে ৬০৪ কোটি টাকা : স্বাস্থ্যমন্ত্রী



স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

দেশে হামের প্রাদুর্ভাব বেড়ে যাওয়ায় পরিস্থিতি মোকাবিলায় টিকা সংগ্রহে ৬০৪ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন।

রোববার (২৯ মার্চ) রাজধানীর পূর্বাচলে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, সাম্প্রতিক সময়ে হামের সংক্রমণ উদ্বেগজনকভাবে বৃদ্ধি পেয়েছে। দীর্ঘদিন টিকাদান কার্যক্রমে ঘাটতি থাকায় এ পরিস্থিতি তৈরি হয়েছে। সংকট কাটাতে নতুন করে টিকা কেনার উদ্যোগ নেওয়া হয়েছে।

স্বাস্থ্যমন্ত্রী আরও জানান, স্বাস্থ্যখাতের বিভিন্ন সমস্যা সমাধানে সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। একই সঙ্গে তিনি দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থানের কথাও তুলে ধরেন। মানসম্মত চিকিৎসা ও ওষুধ নিশ্চিত করার ওপর গুরুত্ব দিয়ে তিনি বলেন, দেশের উন্নয়নের জন্য স্বাস্থ্যসেবার মান বজায় রাখা অপরিহার্য।

LENS ASIA